

## কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সম্প্রসারণ-১ শাখা  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

নং-১২.০৫২.০০২.০০.০০.০০৬.২০১১-৭৮

তারিখ : ০২ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিষ্টাব্দ  
২০ মাঘ ১৪২২ বঙ্গাব্দ

বিষয় : বিসিএস (কৃষি) ক্যাডারের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কারিগরি যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য পদ্ধতি অনুযায়ী বেতন নির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া এর মোকাদ্দমা নং-৪৩/২০০২, বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল এর আপীল নং-১১৭/২০০৪ এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপীলেট ডিভিশনের সিভিল পিটিশন ফর লিড টু আপীল নং-১৩০৯/২০১০ এর রায় অনুসরণপূর্বক অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর বাস্তবায়ন-৪ অধিশাখার ১২ নভেম্বর ২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬৪.১২.১০৪.১৪-১০৫ সংখ্যক এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর ০৯ জুলাই ২০১৫ তারিখের সিএও/কৃষি/ নিঃ-৩/২৬/৩১৪৫ সংখ্যক পত্রের মতামতের প্রেক্ষিতে বিসিএস (কৃষি) ক্যাডারের কর্মকর্তাসহ কৃষি মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/সংস্থার কৃষি গ্রাজুয়েট (কৃষি, কৃষি অর্থনীতি, কৃষি প্রকৌশল) কর্মকর্তা যাদের চাকুরিতে প্রথম নিয়োগের সময় কারিগরি বেতনের পরিবর্তে একটি ইনক্রিমেন্ট প্রদান করা হয়, তাঁদের ক্ষেত্রে ৯ম, ৬ষ্ঠ ও ৫ম গ্রেড পদে বেতন পুনর্নির্ধারণের সময় প্রদত্ত উক্ত ইনক্রিমেন্টটি বিয়োগ করে বেতন পুনর্নির্ধারণের পর একটি ইনক্রিমেন্ট যোগ করে (প্রযোজ্য পদ্ধতি অনুযায়ী) বেতন পুনর্নির্ধারণ সংক্রান্ত কৃষি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ০৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ১২.০৫২.০০২.০০.০০.০০৬.২০১১-১০৯৪ সংখ্যক প্রজ্ঞাপনটি অদ্যাবধি বাস্তবায়িত হয়নি মর্মে জানা যায়।

এমতাবস্থায়, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর ০৯ জুলাই ২০১৫ তারিখের সিএও/কৃষি/ নিঃ-৩/২৬/৩১৪৫ সংখ্যক পত্রের মতামতের আলোকে কৃষি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ০৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ১২.০৫২.০০২.০০.০০.০০৬.২০১১-১০৯৪ সংখ্যক প্রজ্ঞাপনটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(বলাই কৃষ্ণ হাজরা)  
উপ-সচিব

ফোন : ৯৫৫৮৮৫৩

ই-মেইল : sasexten1@moa.gov.bd

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
কৃষি মন্ত্রণালয়  
সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি- সদয় অবগতির জন্য

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কৃষিবিদ এস. তাসাদেক আহমেদ, সভাপতি, বিসিএস (কৃষি) এসোসিয়েশন, খামারবাড়ি, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।